# **অভ্যর্থনা কক্ষ (Living room)**

বাড়ির যে স্থানে আগন্তুক প্রথমে প্রবেশ করে এবং যে রুম পর্যন্ত বাইরের আগন্তুকের প্রবেশের অধিকার থাকে, তাকে Living room বলে। বাড়ির Living room থেকে ঐ বাড়িতে বসবাসরত লোকজনের রুচিবোধ, মনমানসিকতা, সামাজিক পদমর্যাদা, পারিবারিক ঐতিহ্য সম্পর্কে ধারণা পাওয়া যায়। Living room-কে Sitting room, Lounge room, Front room বা Lounge-ও বলা হয়ে থাকে।

Living room-এর যে Function সেটি যেন সর্বোপরি সঠিকভাবে সম্পন্ন হয় সেদিকে লক্ষ রেখে এর নকশা প্রণয়ন করা হয়। এবং বিবেচ্য বিষয়সমূহের দিকে বিশেষভাবে লক্ষ রাখতে হয়।

**Living room বা বৈঠকখানা দুই প্রকারের হয়ে থাকে, যথা**

(i) Open living room (খোলা বৈঠকখানা)

(ii) Close living room ( আবদ্ধ বৈঠকখানা)।

(1) Open living room : যখন Living rocm-এর সম্পূর্ণ অংশটি একটি আঙিনার মধ্যে রেখে মাঝে কোনো ধরনের দেয়াল বা পার্টিশন ব্যবহার না করে Living area-এর সমস্ত কক্ষের চাহিদা বা প্রয়োজন পূরণ করার ব্যবস্থা করা হয়, তখন ঐ ধরনের পরিকল্পনাকে Open living room বা খোলা বৈঠকখানা বলা হয়। এখানে গোপনীয়তা রক্ষা করা যায় না এবং কক্ষ সম্পূর্ণভাবে আলাদা করা যায় না। খোলা বৈঠকখানায় বিভিন্ন কার্যাদি একই সাথে করা সম্ভব।



(ii) Close living room :যখন Living area-এর মধ্যে দেয়াল বা যে-কোনো ধরনের পার্টিশন দিয়ে ভিন্ন ভিন্ন কক্ষ (পৃথক দরজা, জানালা সমেত) নির্মাণ করা হয়, তখন ঐ পারিকল্পনাকে আবদ্ধ বৈঠকখানা বা Close living room বলে। Living area থেকে একজন মানুষের সম্পূর্ণ বাড়ি সম্বন্ধে ধারণা জন্মে।



**১.২ বৈঠকখানার কাজ, অবস্থান (The function, location and decor of different room of living room)**

Living room শব্দটি মূলত Decorating literature থেকে পাওয়া যায় 1890 সালে। সেখানে একটি Living room মানুষের ব্যক্তিত্বের প্রতিচ্ছবি হিসেবে ফুটে উঠে। এরপর Victorian যুগের Living room হলো অতিথিকে গ্রহণ করার স্থান। বর্তমানে Living room-এর আকার ও আকৃতি অনুযায়ী একে বিভিন্ন কাজকর্মের প্রয়োজনীয়তা অনুযায়ী ভাগ করা হয়। তবে সর্বোপরি Living room-এর যে Function সেটি যেন সঠিকভাবে সম্পন্ন হয় সেদিকে লক্ষ রেখে এর নকশা প্রণয়নের বিবেচ্য বিষয়সমূহের দিকে খেয়াল রাখতে হবে।

Living room-এ নিম্নলিখিত কাজসমূহ সম্পন্ন করা হয়।

১। অভ্যর্থনা করা হয়।

২। আপ্যায়ন করা হয়।

৩। বিনোদনের কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়।

৪। পাঠাগার হিসেবে ব্যবহৃত হয়।

৫। সামাজিকতামূলক অনুষ্ঠানাদি হয়।

৬। TV দেখা ইত্যাদি কাজ করা হয়।

**অবস্থান (Location)**

১। বৈঠকখানা পরিকল্পনায় খাবার ঘর এবং রান্নাঘরের কাছাকাছি হওয়া উচিত।

২। আগন্তকরা প্রথমে প্রবেশ করে এবং যে স্থান পর্যন্ত বাইরের আগন্তকদের প্রবেশের অধিকার থাকে।

৩। Living room-এর অবস্থান বাড়ির প্রবেশের সম্মুখে হওয়া উচিত।

৪। বৈঠকখানায় অধিক সংখ্যক লোকের বসার ব্যবস্থা করা যায়।

৫। সুষ্ঠু আলোক ব্যবস্থা থাকতে হবে।

**(Decor)**

Living room-এর সজ্জায় শুধুমাত্র একটি পথ অবলম্বন করে সজ্জার বিন্যাস করা হয় না। Living room বা বৈঠকখানার সজ্জা ব্যক্তিবিশেষের উপর নির্ভরশীল হয়, যেমন- ব্যক্তির রুচি, অভ্যাস, ব্যক্তিত্ব আর্থিক সংগতি ইত্যাদি। আধুনিক রুচি বলতে বৈঠকখানার দেয়াল, ছাল ও মেঝের বিন্যাস ককঝকে পরিষ্কার হবে এবং সমসাময়িক আসবাব আধুনিক ও সমসাময়িক পদার্থের তৈরি হবে। যদি আবাসিক Colonial অথবা Period style স্থাপত্য পছন্ন করে তবে তার বৈঠকখানা সজ্জায় পুরাতন স্থাপত্যের প্রতিফলন ঘটে। তবে সার্বিকভাবে বৈঠকখানার সজ্জার আমন্ত্রণমূলক আবেদন থাকতে হবে, আরামদায়ক এবং খোলামেলা হতে হবে। Drawing room-এর নির্দিষ্ট কোনো দরজা থাকে না। ড্রয়িং রুমের সৌন্দর্যবর্ধনে কম উচ্চতার সোফা এবং কোনে টিভি রাখা যায়। কার্পেট, শতরঞ্জি বা শীতলপাটি দিয়ে ফ্লোরিং করা যায়। ঘরের আকার, রং ও ডিজাইন অনুযায়ী দৃষ্টিদম্পন সোফা, সেন্টার টেবিল, টিভি, কর্নার ব্র্যাক, অ্যাকুরিয়াম, ল্যাম্প নিয়ে বৈঠকখানা সাজানো যায়।

### ১.৩ বৈঠকখানার সিলিং, লাইটিং এবং আসবাবপত্র (The ceiling, lighting and furniture group)

প্রবাহিত সিলিং (Ceiling) ৪ একটি বৈঠকখানার সিলিং ব্যক্তির রুচির উপর নির্ভর করে, সিলিং যত সুন্দর হবে রুম তত সুন্দর। সেদিকে  বৈঠকখানার সৌন্দর্য্য সিলিং এবং লাইটিং-এর উপর নির্ভর করে। Living room-এর ফলস সিলিং-এর কাজকে আরও বেশি উচিত। করে তুলতে Lighting-এর বিকল্প নেই। এ ছাড়া টিউব লাইট ও ফলস লাইটের ব্যবহার ছাদের সৌন্দর্য বাড়িয়ে দেয়।

**Lighting**

(1) General lighting (সাধারণ আলোক )
(2) Dearative lighting (সৌখিন কাজ আলোকসজ্জা
(3) Local lighting



@ General lighting সাধারণ আলোকসজ্জা সাধারণত সম্পূর্ণ ঘরেই আলো দেয়। এর ব্যবস্থা সাধারণত ছাদ থেকে করা এবং Wall spor বা Cove lighting করা হয়।

(ii) Decorative lighting Local lighting decorative উদ্দেশ্যেও ব্যবহৃত হতে পারে। যেমন- কোনো বিশেষ ভা ), ছবি ইত্যাদিতে ফোকাস করার ক্ষেত্রে এ ধরনের আলোেক ব্যবস্থায় Table lamps, wall lamps, pale lamps অথবা or lamps ত হয়।

Local lightingঃ স্থানীয় আলোকসজ্জা কিছু নির্দিষ্ট কাজে ব্যবহৃত হয়, যেমন- পড়া, ছবি আঁকা, সেলাই ইত্যাদি। কাঠামোর পারিপার্শ্বিক পরিবেশ বা অবস্থার সাথে অবস্থানকে Orientation বলে। বায়ুপ্রবাহ, পারিপার্শ্বিক দৃশ্য, কোলাহল

রাস্তার অবস্থান ইত্যাদির উপর লক্ষ রেখে সর্বোচ্চ সুবিধা ভোগ করার ক্ষেত্রে Orientation করা হয়। ভালো Orientation তে অবকাঠামোর সঠিক অবস্থানকে বুঝায়। Living area সাধারণত দক্ষিণ, উত্তর-পূর্ব পাশে রাখা ভালো এবং Servicing area চিম পাশে, কেননা আমাদের দেশের আবহাওয়ায় পশ্চিম পার্শ্ব সবসময় গরম থাকে। গ্রীষ্মের বায়ু সাধারণত দক্ষিণ থেকে উত্তরে বাহিত হয়। সেক্ষেত্রে Living এবং Sleeping area দক্ষিণ দিকে রাখা উচিত এবং দক্ষিণা বাতাস প্রবাহ যেন বাধাপ্রাপ্ত না হয় দিকে লক্ষ রাখা উচিত। যদি কোনো কারণে বাতাস বাধাপ্রাপ্ত হয় তাহলে বৈদ্যুতিক পাখা বা Air-conditioning এর ব্যবস্থা রাখা ত। শীত উত্তরের কনকনে ঠান্ডা বাতাস আনয়ন করে। ইমারতে এ বাতাস প্রবেশে বাধা প্রদান করতে হবে এবং স্যাঁতসেঁতে ভাব করতে হবে।

## ১.৫ বৈঠকখানার বিবেচ্য বিষয় সম্পর্কে আলোচনা (Discuss the minimum requirements of living room)

Living room পরিকল্পনায় নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে। বাড়ির মালিকের রুচি, আর্থিক সংগতি, লোকসংখ্যা, অত্যাস ইত্যাদির দিকে লক্ষ রাখতে হবে।

> Living রুম বাড়ির প্রবেশপথের নিকটবর্তী হওয়া উচিত।

> সূঠ আলোকব্যবস্থা থাকতে হবে।

> চলাচলের জন্য পর্যাপ্ত স্থান রাখতে হবে।

> সুষ্ঠু আসবাবপত্র বিন্যাস করতে হবে।

> এই ঘরের মেঝে, স্থান, দেয়াল পরিষ্কার-পরিচ্ছন্ন এবং পরিপাটি রাখা উচিত।

কোনো কোনো ক্ষেত্রে ঐ বারান্দায় হালকা মাঝা, বৈকালিক চা, বাইরের আগন্তকদের আপ্যায়ন করানো হয়। তার জন্য একটি Table এবং কয়েকটি Chair রাখা হয়। এক্ষেত্রে বারান্দাটিকে খাবার ঘরের অংশ মনে করা হয় এবং অনেক সজ্জায়

সজ্জিত করা হয়।

### ১.৬ বৈঠকখানার ফার্নিচারের দূরত্বের নিয়মাবলি (The planning considerations and furniture clearance of a living room)

বৈঠকখানায় অতিথি আগমন সচরাচর কী পরিমাণের হয় সেদিকে লক্ষ রেখে প্রয়োজন অনুযায়ী বসার ব্যবস্থা রাখা উচিত। Living room-এ দুটি মুখোমুখি চেয়ারের মাঝে " দূরত্ব রাখা উচিত। আসবাবপত্র ঘরে ব্যবহারের জন্য ২৪” স্পেস রাখা প্রয়োজন। কোনো প্রকার ডেস্ক ব্যবহারে জন্য ৩০" রাখা উচিত। প্রধান চলাচলের জন্য ৩৬/০'-০" স্পেস রাখা উচিত। TV থেকে 60" দূরত্বে বসার ব্যবস্থা রাখা উচিত। বসার ব্যবস্থা ১০'-০" (Diameter) ব্যাগের মধ্যে রাখা উচিত।